গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
pirganj.thakurgaon.gov.bd

# মার্চ ২০২৪ খ্রি: মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ রমিজ আলম
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ১১ মার্চ ২০২৪ খ্রি:

সময় ঃ সকাল ১০.৩০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি সভার শুরুতে উপজেলার আইন শৃংখলা কমিটির সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। তিনি উপজেলার বর্তমান আইন শৃংখলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

আলোচনার শুরুতে বিগত মাসে পীরগঞ্জ উপজেলায় আইন শৃংখলা পরিস্থিতির সার্বিক অবস্থা সম্পর্কে সকলকে অবহিত করার জন্য অফিসার ইনচার্জ পীরগঞ্জকে বলা হলে তিনি বিবেচ্য মাসের অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী তুলে ধরেন।

**১. উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি ঃ ফেব্রুয়ারি ২০২৪**

| থানার নাম পীরগঞ্জ | চুরি | সড়ক দূর্ঘটনা | খুন | অপহরণ | নারী নির্যাতন ধর্ষণ/অন্যান্যভাবে | শিশু নির্যাতন | চোরাচালান | পুলিশ আক্রান্ত | মাদক দ্রব্য | অন্যান্য | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি | - | - | - | ০৩ | - | - | - | - | ১৪ | ০৯ | ২৬ |
| ফেব্রুয়ারি | - | - | ০১ | ০২ | ০১ | - | - | - | ১৬ | ০৯ | ২৯ |

**২. মোবাইল কোর্ট পরিচালনার তথ্য ঃ ফেব্রুয়ারি ২০২৪**

| অভিযানের সংখ্যা | | | মামলার সংখ্যা | অভিযুক্ত ব্যক্তির সংখ্যা | সাজা (বিনাশ্রম কারাদন্ড) | জরিমানা (টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক | ০৪ | ০৩ | ০৪ | ০১ জনের ১৫ দিন ও ০১ জনের ০৬ মাস কারাদন্ড | ২,০০০/- |
| | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক | ০৭ | ২১ | ৩৮ | ০২ জন ব্যক্তির ১০ দিন করে কারাদন্ড | ১,৩২,৭০০/- |
| ফেব্রুয়ারি | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক | ০১ | ০১ | ০১ | ০১ জনের ০৬ মাসের বিনাশ্রম কারাদন্ড | ৫০০/- |
| | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক | ০৭ | ০৮ | ০৮ | ০১ জন ব্যক্তির ০২ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ০১ জন ব্যক্তির ১০ দিনের বিনাশ্রম কারাদন্ড | ১,১৫,৮০০/- |

**আলোচ্য সূচি-১ : পীরগঞ্জ উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা :**

সভায় পুলিশ বিভাগের পক্ষ হতে জানানো হয় যে, বর্তমানে এ উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভালো রয়েছে। চুরি-ছিনতাই, দস্যুতা, জুয়া খেলা মাদকসহ সকল প্রকার অপরাধ নিয়ন্ত্রণে সাধারণ জনগণসহ জনপ্রতিনিধিগণকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান এবং সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন রকম অপরাধের তথ্য দিয়ে পুলিশ প্রশাসনকে সহযোগিতা করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সমাজের সকলে মিলে একত্রিত হয়ে কাজ করলে যে কোন সমস্যার সমাধান করা সম্ভব।

**আলোচ্য সূচি-২ : আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে ইউনিয়ন ভিত্তিক আলোচনা :**

চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউ.পি. জানান, সম্প্রতি আবাসনগুলোতে মাদক ও জুয়ার প্রভাব পড়ছে। ফলে বিভিন্ন রকম সমস্যার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের মাধ্যমে পুলিশ বিভাগের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, ০২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. জানান, ইট ভাটার ক্ষতিকর ধুয়ার কারণে কৃষি জমির উপর প্রভাব পড়ছে। ফলে পরিবেশেরও ভারসাম্য নষ্ট হচ্ছে। ইটভাটার মালিকগণের কাছ থেকে ইউনিয়ন পরিষদে কোন ট্রাক্স পাওয়া যায় না। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, ০৫ নং সৈয়দপুর ইউ.পি. জানান, সম্প্রতি বিভিন্ন রকম চুরির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং অটো-সিএনজি'র বিশৃংখলার কারণে বিভিন্ন রকম দুর্ঘটনা ঘটছে। উক্ত বিষয়সমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের মাধ্যমে পুরিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, ০৬ নং পীরগঞ্জ ইউ.পি. জানান, সম্প্রতি মাদক ও জুয়ার প্রভাব বৃদ্ধি পেয়েছে। ছোট ছোট বাচ্চারা বিভিন্ন রকমের নেশার সাথে জড়িয়ে পড়ছে। ফলে, সমাজে বিভিন্ন রকম বিশৃংখলার সৃষ্টি হচ্ছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট জনপ্রতিনিধিসহ উপজেলা প্রশাসনের মাধ্যমে পুলিশ বিভাগের দৃষ্টি আর্কষণ করেন ও সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, ০৯ নং সেনগাঁও ইউ.পি. জানান, গোদাগাড়ি বাজারে সম্প্রতি কিশোর গ্যাং এর সদস্যদের মাধ্যমে বিভিন্ন রকম মাদক, জুয়া ও চুরির ঘটনা ঘটছে। ফলে, সমাজে বিভিন্ন রকম বিশৃংখলার সৃষ্টি হচ্ছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট জনপ্রতিনিধিসহ উপজেলা প্রশাসনের মাধ্যমে পুলিশ বিভাগের দৃষ্টি আর্কষণ করেন ও সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. জানান, গ্রাম আদালত সক্রিয়করণ বিষয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন ও আইন শৃংখলা রক্ষার্থে পুলিশের গাড়ি টহলের সংখ্যা বৃদ্ধির বিষয়ে অনুরোধ জানান।

এছাড়াও অন্যান্য চেয়ারম্যান, পীরগঞ্জ উপজেলার ইউনিয়নসমূহের সার্বিক কার্যক্রম ও পরিস্থিতি ভালো রয়েছে মর্মে উল্লেখ করেন।

**আলোচ্য সূচি-৩ : আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে উন্মুক্ত আলোচনা :**

জয়িতা সদস্য সভায় জানান, বাল্যবিয়ে বিভিন্ন রকম প্রতিকুলতার মাঝে বন্ধ করা হচ্ছে। আবার ঠিকই কিছুক্ষণ পর বিয়ে হচ্ছে। ফলে, বাল্যবিয়ে বন্ধ সম্ভব হচ্ছে না। তিনি, এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে আইন শৃংখলা বিভাগসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহবান জানান।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায়, স্কাউট সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং সহযোগিতা কামনা করেন।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, হাসপাতালে দালাল ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানির প্রতিনিধির উৎপাত বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন রকম সমস্যার সৃষ্টি হচ্ছে। ফলে সেবার মান হ্রাস পাচ্ছে। পীরগঞ্জে লাইসেন্স রয়েছে মাত্র ০৩ টি ডায়গনিষ্টিক সেন্টারের। অবৈধভাবে গড়ে উঠা লাইসেন্সবিহীন ডায়গনিষ্টিক সেন্টারগুলোর দৌরাত্ম বাড়ছে। সকল ডায়গনিষ্টিক সেন্টারগুলোতে নির্ধারিত মূল্য তালিকা ডিসপ্লের ব্যবস্থা করণের উদ্যোগ নিতে হবে। উক্ত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন ও সহযোগিতা কামনা করেন।

পল্লী বিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি এজিএম সভায় জানান, সম্প্রতি ট্রান্সফরমার চুরির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ট্রান্সফরমার চুরিরোধে মাইকিংসহ বহুল প্রচারের ব্যবস্থা করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের মাধ্যমে পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

সাধারণ সম্পাদক, দুর্নীতি দমন কমিশন সভায় জানান, ট্রান্সফরমার চুরি রোধে পীরগঞ্জ উপজেলার ০৮ নং দৌলতপুরে একজন উদ্যোক্তা ডিভাইস তৈরী করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন।

তিনি আরও জানান, পবিত্র রমজান মাস উপলক্ষ্যে বাজারে নিত্য পণ্য দ্রব্যের মূল্য লাগামহীনভাবে বৃদ্ধি পাচ্ছে। কিছু কিছু ব্যবসায়ী সিন্ডিকেটের মাধ্যমে মুনাফা অর্জন করছে। এ বিষয়ে বাজার মূল্য মনিটরিং কমিটির ব্যবস্থাপনায় ভোক্তা আইনের মাধ্যমে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান।

সভাপতি, দুর্নীতি দমন কমিশন সভায় জানান, হাট বাজারে বিভিন্ন রকম পণ্যের (বিশেষ করে গরু-ছাগলের) লেখাই মূল্য দৃশ্যমান করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন।

**আলোচ্য সূচি-৪ : চোরাচালান নিরোধ এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ক আলোচনা : ৪২ ব্যাটলিয়ান**

| ক্রঃ নং | বিওপি'র নাম | উদ্ধার | আসামী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ফকিরগঞ্জ | ৩৩ বোতল ভারতীয় ফেন্সিডিল | - | সর্বমোট মূল্য = ১৩,২০০.০০ টাকা |
| ২ | চান্দেরহাট | ৪৫ বোতল ভারতীয় মদ ও ১৭৯ বোতল ভারতীয় ফেন্সিডিল | - | সর্বমোট মূল্য = ১,০৩,১০০.০০ টাকা। |

ক) সীমান্ত সংলগ্নে যেন গরু, ছাগলসহ মানুষজন শূন্য রেখায় প্রবেশ না করে এবং আর্ন্তজাতিক সীমারেখা মেনে চলে সেজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করেন।
খ) সীমান্ত এলাকায় ০৩ ফুটের অধিক ফসল না লাগানোর বিষয়ে কৃষকগণকে নিরৎসাহিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করেন।
গ) সীমান্তে চলাচলের কাঁচা রাস্তাগুলি মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য মাটি ভরাটের জন্য অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-৫ : বাল্য বিবাহ প্রতিরোধ :**

সভায় আলোচনা করা হয় যে, উত্তরাঞ্চলে বাল্য বিবাহের হার বেশী। বিভিন্ন জায়গায় হঠাৎ করে মাঝে মাঝে বাল্য বিয়ে হচ্ছে। প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে নিয়মিতভাবে ছক আকারে তথ্য প্রদান করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণ তৎপর হবেন। বাল্য বিয়ের কুফলগুলি সম্পর্কে স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষকদের মাধ্যমে বেশি বেশি ক্যাম্পেইন করে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন যে, স্কুল পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে প্রতিটি স্কুলের প্রধান শিক্ষকগণ বাল্য বিবাহ, মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়া, কিশোর গ্যাংসহ অন্যান্য খারাপ দিকগুলি নিয়ে আলোচনা, সেমিনার/বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৬ : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা সংক্রান্ত আলোচনা :**

সভায় আলোচনা হয় যে, যুব সমাজের মধ্যে মাদক ব্যবহারের হার বৃদ্ধি ও বিষয়টি উদ্বেগজনক। সম্প্রতি ছোট ছোট বাচ্চারাও বিভিন্নভাবে বিভিন্ন রকম নেশা গ্রহণ করছে। পারিবারিক নজরদারির পাশাপাশি তিনি এ বিষয়ে সকল শ্রেণির জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয়। স্কুল কলেজে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়া, কিশোর গ্যাংসহ অন্যান্য খারাপ দিকগুলি নিয়ে আলোচনা, সেমিনার/বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। সীমান্তবর্তী ইউনিয়নের লোকজনকে অবৈধভাবে সীমান্ত অতিক্রম ও চোরাচালান থেকে নিবৃত রাখতে নিয়মিত সভা সমাবেশ করার অনুরোধ জানান। প্রয়োজনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**আলোচ্য সূচি-৭: ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান :**

সভাপতি বলেন যে, সকল ইউনিয়নে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটি ও ইউনিয়ন মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিত করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে সচিবগণের মাধ্যমে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। সভায় বিট পুলিশিং এর কার্যক্রম জোরদার করণের জন্য সভায় পুলিশিং বিভাগের প্রতি অনুরোধ জানানো হয়। ইউনিয়ন কমিটির সভায় বিজিবির কোম্পানী কমান্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

**গ্রাম আদালত সম্পর্কিত আলোচনা: সভায় গ্রাম আদালতসমূহের মার্চ ২০২৪ খ্রিঃ মাসের নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয় :**

| ক্র:নং | ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ভোমরাদহ | ০৫ | - | ০৫ | ০৫ | - | অনিস্পন্ন মামলাসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নে :** ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২ | কোষারাণীগঞ্জ | ০৮ | ০৩ | ১১ | ০৬ | ০৫ | |
| ৩ | খনগাঁও | ০৫ | ০৩ | ০৮ | ০৫ | ০৩ | |
| ৪ | সৈয়দপুর | ০৬ | ০২ | ০৮ | ০৫ | ০৩ | |
| ৫ | পীরগঞ্জ | ০৮ | ০২ | ১০ | ০৫ | ০৫ | |
| ৬ | হাজীপুর | ০৪ | ১২ | ১৬ | ০৭ | ০৯ | |
| ৭ | দৌলতপুর | ০২ | ০৪ | ০৬ | ০৪ | ০২ | |
| ৮ | সেনগাঁও | ০৬ | ০১ | ০৭ | ০৩ | ০৪ | |
| ৯ | জাবরহাট | ০২ | ০৩ | ০৫ | - | ০৫ | |
| ১০ | বৈরচুনা | ১১ | ০৫ | ১৬ | ০৯ | ০৭ | |
| | মোট | **৫৭** | **৩৫** | **৯২** | **৪৯** | **৪৩** | |

সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, পীরগঞ্জ উপজেলা শাখা জানান, হাসপাতালের বেহাল অবস্থা। সেবার মান বাড়াতে হবে। হাসপাতালের উন্নয়ন কল্পে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, সভায় জানান, আইন শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক অবস্থায় রাখতে উপজেলা প্রশাসনসহ আইন শৃংখলা বাহিনীর দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহবান জানান।

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত নিম্নরূপ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত সৃষ্টি হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|---|
| ১ | জমি দখল, মুক্তিপন আদায়, মাদক, জুয়া, মানব পাচার, বিভিন্ন রকম চুরি, চাঁদাবাজি, কিশোর গ্যাং, সন্ত্রাসী তান্ডব ইত্যাদির মাধ্যমে সৃষ্ট অপরাধ প্রবণতার হার হ্রাসে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং অপরাধ দমনে প্রয়োজনে অভিযান বৃদ্ধি করতে হবে। | ১। মেয়র, পীরগঞ্জ পৌরসভা<br>২। সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ<br>৩। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৪। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)<br>৫। কোম্পানী কমান্ডার, বিওপি (সকল) |
| ২ | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানির প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সেবার মান বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ<br>২। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ৩ | বাল্যবিয়ে, যৌতুক ও নারী নির্যাতন বন্ধে সকল পক্ষকে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে। বাল্যবিয়ে প্রতিরোধে বাঁধার সম্মুখকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ,<br>২। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৩। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান |
| ৪ | আর্ন্তজাতিক সীমারেখা মেনে চলতে হবে। সীমান্তে ০৩ ফুটের অধিক ফসল না লাগানোর বিষয়ে কৃষি বিভাগ ভূমিকা রাখবেন। সীমান্তে চলাচলের জন্য ৪০ দিনের কর্মসূচি থেকে মাটি ভরাটের কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>৩। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)<br>৪। কোম্পানী কমান্ডার, বিওপি (সকল) |
| ৫ | গ্রাম আদালতকে কার্যকর করতে গুরুত্বারোপ ও বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে। ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা ও সমন্বয় কমিটির সভা নিয়মিতভাবে করতে হবে এবং সেখানে বিজিবির উপস্থিতি নিশ্চিত করতে হবে। আবশ্যিকভাবে কার্যবিবরণী সচিবগণের মাধ্যমে নিয়মিত উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে। | ইউনিয়ন পরিষদ, চেয়াম্যান (সকল) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/০৩/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**স্মারক নং-** ০৫.৫৫.৯৪৮২.০০৯.০১.০০১.২৪-২৪৯

তারিখ ঃ ২৭ ফাল্গুন ১৪৩০ / ১১ মার্চ ২০২৪

**বিতরণ:** সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৫, ঠাকুরগাঁও- ৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। মেয়র, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৬। ................................................ পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৮। চেয়ারম্যান,........................................ (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। অফিস নথি।

১১/০৩/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
pirganj.thakurgaon.gov.bd

## সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | মাননীয় জাতীয় সংসদ সদস্য - ৫, ঠাকুরগাঁও - ৩ | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | মেয়র, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ৭ নং হাজীপর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১২ | প্রতিনিধি, চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১৫ | চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | অফিসার-ইন-চার্জ, থানা | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা নির্বাচন অফিসার | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি | স্বাক্ষরিত |
| ২৪ | সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা | স্বাক্ষরিত |
| ২৫ | সভাপতি (ভারপ্রাপ্ত), জাতীয় পার্টি, উপজেলা শাখা | স্বাক্ষরিত |
| ২৬ | সভাপতি, পীরগঞ্জ প্রেস ক্লাব | স্বাক্ষরিত |
| ২৭ | সদস্য, জয়িতা | স্বাক্ষরিত |
| ২৮ | সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি | স্বাক্ষরিত |
| ২৯ | সাংবাদিক, জনাব মোঃ মোকাদ্দেস হায়াত মিলন | স্বাক্ষরিত |
| ৩০ | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), পীরগঞ্জ মহিলা কলেজ | স্বাক্ষরিত |
| ৩১ | সভাপতি, উপজেলা শ্রমিক ঐক্য পরিষদ | স্বাক্ষরিত |
| ৩২ | সিঃ শিক্ষক, পীরগঞ্জ বণিক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | স্বাক্ষরিত |
| ৩৩ | প্রহিত, রামদেবপুর পূজা উদযাপন কমিটি | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/উআসচ কমিটির সভার কার্যবিবরণী/মার্চ ২০২৪